




বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
মনছুর ম্যানশন, দাদাপুর সড়ক
কুষ্টিয়া।

☎: 0247782585; daokushtia@krishibank.org.bd



বিনিকা/কুষ্টিয়া/প্রশাসন-৩(৬২)/২০২২-২০২৩/ ২৫৮৩

তারিখ : ২২/০৯/২০২২খ্রিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া এর জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ সময়ের (১ম প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহনেওয়াজ মোঃ মোস্তফা ফায়সাল
তারিখ ও সময় : ২২/০৯/২০২২ খ্রিঃ, সকাল : ১০.৩০ ঘটিকা
স্থান : বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তার অফিস কক্ষ

০১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখের পত্র নং প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার/২০২০-২০২১/৫৩০(১২৫) মোতাবেক বিকেবি, বিনিকা, কুষ্টিয়া এর জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ সময়ের (১ম প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা জনাব শাহনেওয়াজ মোঃ মোস্তফা ফায়সাল সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবী	মন্তব্য
০১	জনাব মোঃ শামীম উদ্দিন	সহকারী মহাব্যবস্থাপক	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২	জনাব আবু ইনান মোঃ ইসমাইল	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	সদস্য
০৩	জনাব খান মহম্মদ নজরুল ইসলাম	উর্ধ্বতন কর্মকর্তা	সদস্য
০৪	জনাব মোঃ আব্দুল জলিল মিঞা	কর্মকর্তা	সদস্য

০২। সভাপতি মহোদয় ২০২২-২৩ অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা/২০২১-২২ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সারাভাবে সম্পাদন না করে সর্বস্তরে প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে আহবান করেন।

E: Syful work/sudhachar/meeting Notice

০৩। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ শামীম উদ্দিন, সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার জন্য উপস্থাপন করেন।

০৪। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

(ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও ১ম প্রান্তিকের (জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২) প্রতিবেদন প্রস্তুতকরতঃ NIS Tab এ আপলোড করতে হবে।

(খ) ২০২২-২০২৩ অর্থ বছরের অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষা অনিস্পন্ন নিরীক্ষা আপত্তির অনুচ্ছেদসমূহের আনুপাতিক হারে নিস্পত্তি করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(গ) বাণিজ্যিক নিরীক্ষার অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদের বস্তুনিষ্ঠ নিস্পত্তিমূলক ব্রডসীট জবাব সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করণ ও অনিস্পন্ন আপত্তিসমূহ নিস্পন্ন করার জন্য অঞ্চল ভিত্তিক ক্র্যাশ প্রোগ্রামের আয়োজন করতে হবে।


(ঙ) সরকার ঘোষিত প্রনোদনা মূলক প্যাকেজের আওতায় ঋণ কর্মসূচী বাস্তবায়নের সঠিকতা ও স্বচ্ছতা যাচাই এর বিষয়ে আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে বিশেষভাবে নজরদারি বাড়াতে হবে।

(চ) শাখার নিরীক্ষা কাজ সম্পন্ন করার পর সঠিক সময়ে শাখায় প্রতিবেদন প্রেরণ এবং শাখা থেকে জবাব প্রাপ্তি নিশ্চিতকরণ করতে হবে।

(ছ) পেনশন ক্লিয়ারেন্স দ্রুত সময়ের মধ্যে নিস্পত্তি করণ করতে হবে।

(জ) রেমিট্যান্স প্রদানের ক্ষেত্রে শাখাসমূহের অনিস্পন্ন এন্ট্রি ৭ দিনের বেশী না রাখার বিষয়ে নজরদারি বাড়াতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


(শাহনেওয়াজ মোঃ মোস্তফা ফায়সাল)
২১/০৭/২০২২

সভাপতি

শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

ও

বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

বিকেবি, বিনিকা, কুষ্টিয়া।

(শাহনেওয়াজ মোহাম্মদ মোস্তফা ফায়সাল)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।